দৈনিক জনকণ্ঠ

তারিখ 01 DEC 1997
পৃষ্ঠা ৪ কলাম 2

110

আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজ

# ফয়জুর রহমানের চাকরির মেয়াদ বৃদ্ধির আদেশ বাতিল

**স্টাফ রিপোর্টার ॥** রাজধানীর মতিঝিল আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজের প্রধান শিক্ষক ফয়জুর রহমানের চাকরির মেয়াদ বৃদ্ধির আদেশ শিক্ষা মন্ত্রণালয় বাতিল করেছে। এর আগে তার চাকরির মেয়াদ দু'বছর বৃদ্ধি করা হয়েছিল। প্রধান শিক্ষক ফয়জুর রহমানকে উক্ত প্রতিষ্ঠানের সহকারী প্রধান শিক্ষকের যদি সহকারী প্রধান শিক্ষক না থাকেন তবে সর্বজ্যেষ্ঠ শিক্ষকের। নিকট দায়িত্ব হস্তান্তরের জন্য রবিবার আদেশ দেয়া হয়েছে। এদিকে আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজের সঙ্কট এখনও নিরসন হয়নি। সাংসদ ও প্রতিষ্ঠানের গবর্নিং বডির চেয়ারম্যান সাবের হোসেন চৌধুরী আগামী ৩ ডিসেম্বর থেকে আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজের সকল স্বাভাবিক কার্যক্রম শুরুর ঘোষণা দিয়েছেন। অন্যদিকে বর্তমান প্রধান শিক্ষক প্রতিষ্ঠানটি বন্ধ ঘোষণা করেছেন। অভিভাবকদের দু'টি গ্রুপ দুই পক্ষে কাজ করছে। একটি গ্রুপ চায় প্রতিষ্ঠানটি খোলা হোক। অপর গ্রুপ চায় প্রতিষ্ঠানটি বন্ধ থাকুক।